

৫। যজ্ঞের আহারান্তে পুকুর করে দধি ঢেলে তার ভিতরে,
ভক্তবন্দ মান করে সবাই ।

রাজা যুধিষ্ঠির আর রামচন্দ্র পারছে নাকি তাই ?

৫। ১৩৪৪ সাল ১২ই মাঘে, বুধবার দশমী যোগে
যজ্ঞের ঈশ্বর গুরুচাঁদ গোসাই ।

ঠাকুর, কত ভক্তে স্বপ্নে দেখায় চাউল তরকারী চাই ॥

৭। গোসাই বিপিনচাঁদ কয় কামিনীরে,
হরিভক্তির শঙ্কা কি রে ;

ক্ষীর পুকুরে সেই ক্ষীরোদের সাঁই

মিলন প্রমথ ঠাকুরের অঙ্গে ঠাকুর বামে রাই ॥

—কামিনী কুমার সরকার



১২৮ নং

আসর

দয়া করে এস দয়াল প্রমথ রঞ্জন ।

তোমার ভক্তে ডাকে পড়ে বিপাকে, এসে দাও দরশন ॥

১। পাতিয়াছি তব আসন, কি দিয়া পূজিব চরণ,
নাহি মম ভক্তি রতন ।

তুমি নিজগুণে দয়া করে দাও মোবে শ্রীচরণ ॥

২। ল'য়ে তোমার ভক্তগণ, কীর্তনে কর আগমন,
আমার হৃদয় যন্ত্র করে ধরি করছে কীর্তন ।

৩। ল'য়ে এসো হরিচাঁদ, ল'য়ে এসো হরিচাঁদ,
দয়া করে এসে ভক্তের বাঁচাও হে পরাণ ।

অধম শরৎ বলে বিনয় করে, পাই যেন যুগল চরণ ॥

—শরৎ ঠাকুর